

শ্ৰীআগুতোষ মুখোপাধ্যায় কর্ত্ক

প্রণীত ও প্রকাশিত :

"এক মূল হয়ে

গাসিলে চাঁশার ফল কলে জ্বম শাবে।"

কলিকাতা।

জীয়ুও ঈশ্বরচন্দ্র বন্ধ কোং বন্ধবালাবন্ধ ২৪৯ সংখ্যক ভবনে স্তানহেঃপ কল্পে মুক্তিত।

मन ১२१৮ भान।

মূল্য: ৯ চারি আমা মাত্র ৷

প্রাদকামিনী

কাব্য।

শ্রীআশুতোষ মুখোপাধ্যায় কর্তৃক

প্রণীত ও প্রকাশিত।

" একমন হয়ে

সাধিলে আশার ফল ফলে শ্রম শাথে।"

কলিকাতা।

গ্রীযুত ঈশ্বরচন্দ্র বস্থ কোং বছবাজারস্থ ২৪৯ সংখ্যক ভবনে ইটান্হোপ্ যন্ত্রে মুদ্রিত।

मन ১২१४ माल।

বিজ্ঞাপন।

আলিবর গোল্ডিমিথ সাহেবের "হার্মিট্"
নামক উৎক্ষ কবিতা অবলম্বন করিয়া এই প্রমোদকামিনী কাব্য রচিত হইল। বিশুদ্ধ প্রণয় বর্ণন এবং
স্ত্রীলোকের স্বতাব প্রকটন এই অন্তের মুখ্য উদ্দেশ্য।
এক্ষণে সাধারণ-সমক্ষে প্রার্থনা এই বে, বিদ্যোৎসাহী
মহোদয়গণ ক্ষণ কালের নিমিত্ত এই ক্ষুদ্র কাব্য
খানির প্রতি ক্নপাকটাক্ষণাত করেন। তাহা হইলেই আমার প্রম সফল এবং আমি কৃত কৃতার্থ

পরিশেষে সাতিশয় কতজ্ঞতা প্রকাশ পূর্বক
স্বীকার করিতেছি যে, বরাহনগর নিবাসী আমার
বন্ধু শ্রীযুক্ত বাবু বীরেশ্বর ঢোল এবং শ্রীযুক্ত বাবু
রামচন্দ্র ভটাচার্য্য ইহার মুদ্রাস্কন বিষয়ে অনেক
উৎসাহ প্রদান করিয়াছেন। তাঁহাদের উৎসাহ
ব্যতীত আমি এরপ কার্য্যে সাহসী হইতে
পারিভাম না।

বরাহনগর। ১৭ বৈশাখ।

ভইব 1

শ্ৰীআশুতোষ শৰ্মা।

উপহার।

ভাই হেম !

আমার এই কাব্যমালা তোমার গলদেশে প্রদান করিলাম। কুসুম রমণীর হউক বা না হউক—গাঁথনি দশ জনের মনোরঞ্জন করিতে পাক্ষক বা না পাক্ষক, যদি তুমি তোমার প্রিয় বয়স্যের আদরের ধন আদর কর, আমি আমার প্রমোদ-কামিনীকে স্তন্ধ ভোমার আদরে আদরে আদরিণী করিয়া যাবজ্জীবন স্থা হইব। ইতি।

তোমার চিরপ্রিয়, গ্রন্থকার।

প্রমোদকামিনী কাব্য।

ভূমিকা।

কুটেছে কামিনী-ফুল! সুবাসে ভুলিয়া
সিপ্তময়ী তটিনীর প্রণয় পিপাসা
পরিহরি, সুধামাথা সমীরণ সদা
ভ্রমিছে নিকুঞ্জবনে। কুটেছে কুসুম
মাঝে মাঝে রমণীয় সাজে; কেহ লাজে
আধাে বিকশিত—কেহ হাসি হাসি মুখে,
ভুবনমাহন রূপ ভুবনমাহন
পরিমল সহ সুথে পেতেছে প্রেমের
ফাঁদ! মধুকর মধুলোভে গুণ গুণ
স্বরে চুম্বিছে অধর কারো, কারো মুখ
চারু—বিসয়া হৃদয়ে কারো পশিছেরে
সুথে সুথের সাগরে; হেনকালে পরি

7

তারার মোহনমালা যামিনী কামিনী আলোকরা প্রাণনাথে সাথে করি হাসি. दम कुछकानरन जामि पिल पत्रभन। जुरनरभोहिनो तमगीत तमगीव খাখি-যে খাখির বলে ভুলায় ভুবনে চক্রাননা, সেই আঁখি যে আঁখির সনে কবি দেয়রে তুলনা বাড়াইয়া, সেই युम्त मदाक वाथि मुनित निती। সুখে রত সবে—আহা নীরব স্বভাব। **ट्यामा** का पिटा है, जाता कित कारी. সোণার নলিনী এক সরসী সোপানে ! জলজ-নলিনী সম কাতর। বিরহে ধনী, কহিছে মনের ছুঃখ সম ছুঃখী জনে:-

"ক হয়েছে সরোজিনি ? আহা! কি হয়েছে সরোজিনি লো? কোথা সে প্রফুল্ল সাজ ? ছল ছল আঁথি আজ, বিরস, অবনি মাঝে যেন অনাথিনী লো! কোথা সে মোহন হাসি ?
নলিনি! বল প্রকাশি,
কি সুখে বঞ্চিত হয়ে এমন মলিনী

কে করেছে অনাদর সরোজ-কাম্পিটেন ?

"বল স্থি! সত্য ক্ষিক্তিন্ত্রী আজি বল স্থি! সত্য ক্রি লৈ।, উদিত হলে মিহির.

শোষে সরোবর-নীর,

সে তাপে তাপিত তুমি না হও সুন্দরি লো!

হায় কি এমন হ্থ ? শুকাল সরোজ-মুথ! তোমার অসুথে, সই! ইচ্ছা করে মরি লো।

আয় বোন্! ছুই বোনে কাঁদি গলা ধরি লো।

" দেখিয়াছি কত দিন;
আমি দেখিয়াছি কত দিন লো;—
মলয় সমীর আদি,
স্যতনে হাসি হাসি,
দোলাইতো, তুমি যবে আছিলে নবীন লো।

তাহার প্রণয়ে ভুলে,
তুমি ধনি! মন খুলে,
দিয়াছিলে মনঃ প্রাণ, প্রাণের নলিন্লো!
তথন ভাবিয়াছিলে সে তব অধীন লো।

" আগে সেই শঠ অলি, দেখ আগে দেই শঠ অলি লো,— হেরি ভোমার সম্পদ, সাদরে ধরিয়া পদ, করেছিল ভোষামদকত কথা বলি লো। দেছো তুমি বুকে স্থান,
সে করেছে মধু-পান,
কত ভাব ৷ কত স্বেহ ৷ কত গলাগলি লো ৷
এখন সে দিন গেছে গিয়াছে সকলি লো !

শ্বি! পুরুষের প্রাণ!—
 আহা স্থি! পুরুষের প্রাণ লো!—
 থাকে না কাহারো বশে,
 রুদে না ক্রেহের রুদে,
 দয়াহীন স্কুক্টিন পারাণ সমান লো!

আদর করিয়া তায়,

যে জন ধরিতে যায়,—

এ জনম মত তার সুখ অবসান লো;

যথা তথা পদে পদে সহে অপমান লো।

যথা তথা পদে পদে সহে অপমান লো।

" সই! আমি ও তথন,

আহা সই! আমিও তথন লো,—

দিয়াছিত্ব এক জনে,
প্রাণ মনঃ স্যতনে,

হুদয়েতে রেখেছিত্ব ভাবিয়া স্কুজন লো।

মনে ছিল চিরকাল,

সে মোরে বাসিবে ভাল.

আমি তার সে আমার যাবং জীবন লো।

এখন ভেঙেছে, সই, আশার স্বপন লো।

" সই! কি কব তোমায় ?
প্রিয় সই! কি কব তোমায় লো ?—
মনে করি কত বার,
ভাবিব না তারে আর,
সে এসে মনের পথে হাসিয়া দাঁড়ায় লো

সাধের প্রণয়-তৃষা,

যদি কভু হয় কুশা,

মায়াবিনী আশা তারে তথনি বাড়ায় লো।

চেয়ে থাকি পথ পানে চাতকিনী-প্রায় লো।

"তাহারে কি ভোলাযার ?
আহা! তাহারে কি ভোলাযার লো?
সোহাগ করিয়া কত
যে তুষেছে বিধিমত,
দাস মত অসুগত সতত আমায় লো।
দেখিলে আমার মান,
হয়ে যেন ত্রিয়মাণ,
পরিহরি নিজ মান ধরিয়াছে পায় লো!
কোন প্রাণে মনান্তর করিব তাহায় লো?

" তারে যথায় তথায়,
আমি তারে যথায় তথায় লো,—
না ভাবিয়া পরিণাম,
অবিরাম হয়ে বাম,
করিয়াছি অপমান, কথায় কথায় লো।

শুনিনে কারো প্রবোধ,
মানি নাই উপরোধ,
কটু কয়ে স্থানান্তরে করেছি বিদায় লো।
পোড়া ক্রোধ, প্রিয় সই। সকলি ঘটায় লো।

"কেন হবে বা কাঁদিতে ?—
আজ কেন হবে বা কাঁদিতে লো?
কেবা সথি! আমা হতে,
সুখী ছিল এ জগতে?
(চির বাঁধা ঘন যথা দামিনী পিরিতে লো!)বেঁধেছিল্ল প্রেম ফাঁদে,
মোর হৃদয়ের চাঁদে,
করিতে মানস আলো কোমুদী-হাসিতে লো!
কি সুখে ছিলাম সুখী পারিনে বলিতে লো!

' সাধে তারে ভাল বাসি —
আমি সাধে তারে ভাল বাসি লো ?
'প্রাণের প্রেয়সি!' বই
শুনিনে কখন সই!
এমনি প্রাণেশ মোর স্থমধুর-ভাষী লো!

এত মোরে অনুরাগ!
কখন দেখিনে রাগ;
যুগে যুগে তার পায়ে হয়ে রব দাসী লো।
সে মোর প্রাণের প্রাণ হৃদয়-নিবাসী লো।

শে আহা! না বুঝে তখন!

সই! আহা! না বুঝে তখন লো!

গরিমা-তটিনী-তটে

বিসিয়া, মঙ্গল ঘটে

ঠেলিকু চরণে স্থি! হয়ে অচেতন লো।

যত স্থীর সমুখে,

বলিকু যা এল মুখে;

জীলোকের এত তেজ ভাল কি কখন লো?

আপনি হইনু নিজ ছুংখের কারণ লো!

"সব দৈব নিয়োজন!
স্থি! সব দৈব নিয়োজন লো!
আমি যে ফণিনী, ধনি!
মোর মণি গুণমণি,
গেঁথেছিত্ব প্রেম-তারে করিয়া যতন লো;

কুরুদ্ধে ফেলিরু খুলে
বিরহ্-সাগর-কুলে,
কপালে, অতল জলে হইল মগনলো,
আর কি পাব সে মণি মনের মতন লো?

"কেঁদে কি হবে এখন?

মিছে কেঁদে কি হবে এখন লো?

ফেলিলে চোকের জল,

ফলিবে না সুখ-ফল,

সমূলে যাহার তরু করেছি ছেদন লো!

এখন যদি সুন্দরি!

সে সিকু* মথন করি,

উঠিবে যাতনা-বিষ, পাবনা রতন লো!—

" আগে ভাবিনে তা মনে,
আহা ! আগে ভাবিনে তা মনে লো,—
হুখের আঁধার এসে,
যাতনা দিবে রে শেষে;
নিবাবে প্রণয়-দীপ বিরহ-প্রনে লো:

ছঃখ লাগি বিধি মোরে করেছে স্থজন লো

^{*} निद्रश्-भिक्षु।

ভালবাসা-নদী সই! শুকাবে ছদিন বই; মরিবে আশার লতা হৃদয়-কাননে লো; অসুখের দাবানল জ্বানিবে স্থানে লো;

"ফুটিবে না স্থেফুল;
আর ফুটিবে না স্থেফুল লো;
ঋতুরাজ মোর কান্ত,
সেরসে হবেন ক্ষান্ত;
পলাবে তার বিরহে হর্ষ-পিক-কুল লো:
স্মেহের সমীর গিয়ে,
তুলিবে না উথলিয়ে,
আর সে আনন্দ-সিন্ধু ছাড়াইয়া কুল লো;
বাঁচিবে না প্রেম-তরু ছিঁড়ে গেছে মূল লো;

"সই! সহে না এখন,
প্রিয় সই! সহে না এখন লো।
মিছামিছি করি মান,
হারাত্র প্রাণের প্রাণ,—

হই এক দিন নয়—জন্মের মতন লো!

সতীর কি অপমান,
আছে লো পতির স্থান ?—
হায়! কেন না ধরিসু চরণে তথন লো ?
কেন না সাধিসু, সে যে সাধনের ধন লো!

"স্থি। দাম্পত্য-প্রণয়,
আহা স্থি। দাম্পত্য-প্রণয় লো,—
পবিত্র আকার ধরি,
জগত পবিত্র করি,
প্রস্বে পবিত্র স্থা ত্রিভুবনময় লো।

অকলক সুনির্মাল, স্থেহ করে টল মল; প্রতিক্ষণে নব নব আননদ উদয় লো। অনুপ এ প্রেম-নিধি যশের আলয় লো!

"সই! পরীক্ষা কারণ,
ক্ষেহ, সই! পরীক্ষা কারণ লো,—
এক দিন করি ছল,
বদনে দিয়ে অঞ্চল,
ঘুমালেম্ মিছা ঘুম মুদিয়া নয়ন লো।
কত যে মধুর স্বরে!
ভুমিলেন সমাদরে;
হরবে স্থ-সরসে হলেম্ মগন লো।
এত আদরের হয়ে এখন এমন লো।

"কিছু চিরদিন নয়!
কভু, কিছু চিরদিন নয় লো!—
সাগর নদী ভূধর,
শশধর দিনকর,
এক দিন কাল-গ্রাসে সব হবে লয় লো।

নতুবা ঘটনা হেন, প্রণয়ে ঘটিবে কেন ? সদর প্রাণেশ কেন, হবেন নিদয় লো ? অদুষ্ট ভাঙিলে সই ৷ এই সব হয় লো ৷

"সাধে কাঁদে কি এ প্রাণ;
স্থি! সাধে কাঁদে কি এ প্রাণ লো;—
আমার অদৃষ্ট হয়ে,
আমার নিকটে রয়ে,
আমারি স্থেতে করে কন্টক প্রদান লো!
যে যাহার কাছে থাকে,
অস্থী করেনা তাকে,—
স্কনের এই রীত, এইতো বিধান লো!
না জানি অদৃষ্ট মোর কেমন পাষাণ লো!

"নাথ বিরূপ আমার, যেন, নাথ বিরূপ আমার লো,—
নদী পড়ে সিন্ধুনীরে,

সিন্ধু তো আসে না ফিরে;

আমারি উচিত, স্থি। ধরা তাঁর পায় লো। যাঁর মানে মোর মান,
বাড়ালে তাঁহার মান,
অপমান মোর কভু নাহিক তাহায় লো;
আমি সতী—তিনি পতি সংসারে সহায় লো।

"মনে তারে ভালবাদি,
আমি মনে তারে ভালবাদি লো;
কণেক অন্তর হলে,
অন্তর উঠিত জ্বলে,
সহিতাম, লাজভারে মুখে না প্রকাশি লো।
না হেরে স্বজনি! যায়,
তিল আখো থাকা দায়,
সমুখে কাঁদায়ে তারে মনে মনে হাসি লো!
আপনি আপন দোষে জাখিনীরে ভাসি লোঃ

"পাইলাম তার ফল,
ভাল পাইলাম তার ফল লো।
না দেখে প্রাণের প্রাণ
এমনি অস্থির প্রাণ,
যে দিকেতে চাহি দেখি জাধার কেবল লো।

—হারাইসু অযতনে—

এ কথা পড়িলে মনে,

অনুতাপে তনু কাঁপে চোকে ঝরে জল লো।
প্রবল হইয়া জ্বলে বিরহ অনল লো।

अपि ইয়েছি পাগল,

ভাবি আমি ইয়েছি পাগল লো:

প্রাণনাথের উদ্দেশে,

ফিরিব রে দেশে দেশে

কুল শীল মান মোর কায কি সকল লো?

এইরূপ ভেবে ভাই,

চরণ বাড়াতে যাই,

আছাড় খাইয়া পড়ি যেন নাই বল লো!

জীবন জীবন বিনা হয়েছে বিকল লো!

" আদ্ধ করিয়াছি পণ.

কিন্তু আজ করিয়াছি পণ লো,—
প্রভাত হইবে যবে,

যা থাকে কপালে হবে,

একাকিনী যথা নাথ করিব গমন লো।

ধরিয়া পুরুষ সাজ,
খুজিব সে রসরাজ,
বাছিব না গিরি গুছা নগর কানন লো।
রতন যতন বিনা পায় কোন্জন লো?"

वरल कर्य निनीद रम कुछ कानन হতে কুঞ্জর-গামিনী, কুঞ্জর গমনে পশিল গৃহ পিঞ্জরে। উথলি দুখের সিন্ধু বহিল প্রবাহ আলোকরানীল-নলিন-নয়ন-যুগে। আ'গে অথতন করি যে রতন হেতু সহিছে যাতনা ধনী, পতন না হলে তকু কমিবার নয় সে বিষম জালা ৷ আহা ৷ সদ্য জাত শিরীব কুসুমোপম কমনীয় দেহ বিরহ আতপ আঁচে হয়েছে লাবণ্য-হীন, তরু সে মাধুরী অনায়াদে করে চুরি মুনিজন-মন। কক্ষরাতায়নে বসি নির্থে রূপদী নৈশ গগনের শোভা; প্রকৃতিস্থদরী তারক-হীরক-

রাজি বিরাজিত নীল-অম্বর-অম্বর পরি বিতরিছে স্থথে অভুক্ত জগত জনে শান্তি সুধারস; স্থানে স্থানে শাথি-শাথে উজলি নয়ন ফলেছে রতন ফল খদ্যোত আবলি: কমুম কামিনী স্তু আন্দোলিত হয়ে মলয় প্ৰনে বিতরিছে পরিমল, যে গুণের গুণে সাদরে দেবের শিরে আরোহে রূপসী।-আরো কত মনোরমা সুবমা সমূহ विरनाकिन विधुमुथी, किन्छ त्त कुन्रम বন নিরানন্দ সদা জগত আনন্দ কান্ত* ঋতুকান্ত বিনা মণিহারা কণি মত। ঘামিল বদন শশী। বিন্তু বিন্তু স্বেদ জল মতিহার সম শ্রেণী গাঁথা মধুর মধুর সাজে কপালে কপোল-যুগে প্রকাশিল আসি। অঞ্চল লইয়া करत हक्ष्मा वत्री, मूथ-प्रशंकरत সুধার্ষ্টি ঘর্মবারি, মুছিল যতনে।

^{*} कमनीय।

আবার অপ্রু প্রবাহ বহিল সঘনে। ব্যাকুল হৃদয়ে ধনী ত্যজি বাতায়ন, নিদ্রার কোমল অক্ষে লভিতে বিরাম. শুইল পর্যাক্ষোপরি। পরোফেননিভ-শব্যা নবনীতোপম স্থকোমল, থরে থরে সাজান মুকুতানরে চারি পাশ, মধ্যে বিধুমুখী, বিধু প্রতিবিশ্ব যথা ভাগীরথী নীরে আলোকরা! কি স্থন্দর করের হণালে শোভে নলিন বদন। মধুপানে মধুকর মধুমাথা খাঁখি মোহিত হইয়া চলে পড়িছে হাসিয়া। কচিতাল-শাস সম ননীমাথা মরি. ক্ষীরের চিবুক ভাসিছে রূপ-সাগরে,— विकठ कमल यथा विमल मिलिटल মনোহর। অক্সাৎ নিদ্রা আসি দিল **मत्रभान । शीरत शीरत नग्रन शालव** ছুটি পড়িল ঢলিয়া তারাকারা আখি-তারা ঢাকিয়া যতনে: নীল শতদল যথা দিবা অবসানে, ঢাকে রে বদন

हित्यूरथेत मनन। जैवन विक्रम করি কশ কটিদেশ রাখি চারু বাম উক্ত পাশ্ব উপাধানে অলসে অবশ অঙ্গ পডিল নতিয়া, ছিন্নমূলা লতা যথা রবি-করজালে। দেখ হে ভাবুক জন ভাবিয়া অন্তরে, সে মোহন রূপ-तानि। किमान वर्गित कवि सम स्वर्ग অনুপম ? স্বরূপিতে আহা যার দনে चूवर्ग विवर्ग इश्, श्राम्पर्ग कोल ! চঞ্চলা দামিনী দদা থৰ্কিতে কামিনী-গর্ব্ব প্রকাশে আকাশে, কিন্তু যদি স্থির ভাবে দাঁডায় আসিয়া সে লাবণ্য কাছে. বুঝা যায়, কে বা হারে, কেবা জিতে, কেবা রূপবতী। রূপেতে তো আঁখি ভূলে, গুণে चुल मन। श्रेत्रां य मरह प्रह, हक সে স্থন্দর অতি, অসতে রহিলে বিষ কে আদরে তারে ? চল পাঠক! আমার, দেখিগে মাধুরীলতা বেক্টিত লাবণ্য-তক্র রূপের কাননে। এখন নিদ্রিত

আছে সোণার নলিনী: এখন বিহরে সূত্র অকলঙ্ক হাসি নব-প্রফুল্লিত-(भौनाभ-मन-विमन मधुत-अभरत। यमग-विनाम-चन यू ठांक ननारहे. --সুষুপ্তি সুলভ—পদাপর্ণ গত মরি নিশার তুষার দম বিমল বরণ घर्म्मविन्छु. एल एल ऐल ऐल करत কণে কণে কণপ্রভ: এলায়ে পড়েছে কাল চিকুর চিকণ ঢাকি চারু গগু-দেশ, ছুটিছে মোহিনী হ্লাতি অবারিত. অথচ প্রচ্ছন্ন ভাবে.—সুধাংশু জলদে यथा रेगवारल नलिनी । तरश्रष्ट नश्रन-অদি পল্লব-পিধানে, এবে হীন তেজ, নিক্ষোশিত হলে পারে কাটিতে থৈর্যোর পাশ জিতেন্দ্রিয় মনে। বিচিত্র কাঁচলি ঢাকা বিমল বরণ, স্থাময় পয়ো-ধর স্থাংশু কিরণ! হেমান্স রয়েছে णका नीलायत भारत, मामिनी कामिनी যেন জলদে বিরাজে। কুম্ম-কোমল

বলি রমণীর তবু কমনীয় গুণে কবি করেন বর্ণনা: কিন্তু এ কামিনী কুসুম দমান নয়, কুসুম রচিত— তাই কুমুম-কোমল!—বদন সরোজ. मना कुमा-किलका, जाँचि नीतां ९ भल, व्यथत वाञ्चलि, शंख कुमुमिनी-मल, মনোহর পারোধর কমল কোরক, হণাল স্কর-যুগ, করতল তাছে প্রকুল গোলাপ শোভে, অঙ্গলি চম্পক-কলি, নাভি সরোজিনী, স্থলপদ্ম মরি চরণ যুগল! দেখ পাঠক! বিচারি মনে কোন গুণে গুণবতী পরিচিত এ কাব্য সরসে, বলি 'সোণার নলিনী!'

পরদিন বিধুমুখী উদিলে তপন,

—পরি পুরুষের সাজ,

খুঁজিব দে রসরাজ,

এপ্রতিজ্ঞা পূরাইতে করিল মনন।

কোকনদ - বিনিন্দিত চরণ-কমলে,
কিঞ্চিৎ কুণিত হয়ে,
পোড়া লোক-লাজ ভয়ে
পরিল পাছকা-যুগ বসিয়া বিরলে।

কাঁচলি উপরে জামা মুকুতার নরে, ধরেছে অপূর্ব্ব বিভা, পাইয়া রূপের নিভা, নিশার শিশির যথা দিনকর করে!

জিনিয়া চম্পক-কলি অঙ্গুলি নিকরে, হীরক অঙ্গুরী ধরি পরিল যতন করি, দিতীয়ার চাঁদ যেন অমল অম্বরে!

মস্তকে পরিল তাজ মুনি-মনোহর:
মনের মতন করে
সাজাইয়া অশ্বরে,
চলিল মাধবীলতা যথা তরুবর।

মনোগতি ছুটে অশ্ব ছলিছে কামিনী;
যথা সরোবর কোলে,
হছ মলয়-হিলোলে,
দোলে রে স্কুখের দোলে নবীনা নলিনী

মধুকণা ঘর্মবারি বদন-কমলে, সেজেছে কি চমৎকার, যেন স্থার আধার, তারা বেড়া চাঁদ মরি উদিত ভূতলে!

উত্তরিল নদ নদী নগর কানন।

যার তরে প্রাণ কাঁদে,

সেই হৃদয়ের চাঁদে,
না পাইল, কোন স্থানে করি অরেষণ।

বহিল নিরাশাবারু, অমনি তথন বিরহের দাবানল, জ্বলিল করিয়া বল. পোড়াতে সে চিন্তা-শুক্ত ক্লদয় কানন। হৃ:খ-ঘনে আবরিল মুখ-চাঁদ খানি :
নয়নে বহিল জল,
ভিজাইল গগুস্থল ;
সুখের চকোর কাঁদে মনে হৃ:খ মানি ।

ছয়মাস শশিমুখী ভ্রমিনানা স্থান, হরিদ্বারে অবশেষে, উপনীত হল এসে, ভুবন পারনী গঙ্গা যথা অধিষ্ঠান।

নিবিড় নীরদ সম ভূধর নিচয়,
ভীষণ মূরতি ধরি,
রয়েছে জাধার করি,
দিবসে রজনী বলি অনুভব হয়।

নির্জ্জন প্রদেশ একে, তাহাতে যামিনী, নাহিক স্থাংশুশশী— যেন রে তিমির মদি, মেখেছে কি পাপে হেথা প্রকৃতি কামিনী! পড়িছে তুষার-কণা ঝর ঝর করে:
শীতেতে কম্পিত-কায়

মুখ-নলিন শুকায় বিশেষ আতঙ্ক আসি উদিত অন্তরে।

ঘোটকের পদ-শব্দে হয় প্রতিপ্রনি,—
ক্ষণেক অগ্রেতে ধায়,
ক্ষণেক পশ্চাতে চায়,
ক্ষণেক মুদিয়া আঁখি থমকে অমনি।

উক্তৈঃস্বরে ডেকে বলে '' কে আছো নিকটে ? হলেম্ শরণাগত এ ঘোর রজনী-মত, কর ত্রাণ যায় প্রাণ পড়িছি সঙ্কটে।''

অদূরে কুটীর হতে এক যোগিবর, শুনি এই আর্ত্তনাদ, ভাবি কার প্রমাদ, আলোক লইয়া তথা আদিল সত্র। ছদ্মবেশি-রূপে যোগী মানিল বিসায়, হেরি মুখ চাঁদ খানি বদনে না সরে বাণী, অনিমেয় আঁখি-যুগ, মোহিত হৃদয়।

ব্মণী স্বম-লতা, স্বমে বিকল.—
ধ্রেছে পুরুষ-সাজ,
তা বলে কি গেছে লাজ
্
দেই আঁখি—দেই মন—দেই তো স্কল !!

হনন্তর যোগিবর আদর করিয়া।
কহে '' বৎস! এই আমি,
হও মোর অনুগামী,
এসেছি এখানে দেখ তোমার লাগিয়া।

" একাকী তাপস আমি থাকি এই স্থানে: ঈশ্বরের নাম করি, সুথেতে সময় হরি, নাশিয়াছি কুধা-তৃষা শান্তি-সুধাপানে। অগত্যা চলিল সতী যোগির সহিতে,—
মনের যাতনানল,
জালিল করিয়া বল,
নালিন-নয়নে ধারা লাগিল বহিতে।

রথা চেটা করে যোগী সাস্ত্রনা কারণ, মন পুড়ে যে অনলে, সে জালা না যায় মলে! জলে কি বাড়বানল নিবে রে কখন?

পর ছঃথে ছঃথী হয়ে স্কজন তাপস
কহিছে বিনয় ভাষে—

,"কি ছঃথে জীবন ভাসে ?

কহ বংস! কি লাগিয়া এমন বিরস?

- ্রহেছো কি প্রিয়তম মিত্রেতে বঞ্চিত ? অথবা রমণী হেতু, ভাতিয়া আশার সেতু, প্রড়েছো যাতনা জলে কণ্টকে বেকিতি ?
- জলবিষ সম, পুজ। নারীর প্রণয় '-
 অঙ্গ ভঙ্গি দেখাইয়া,

 পুরুষেরে মজাইয়া,

 ভঙ্গ দেয় রঙ্গরমে হইয়া নিদয়।
- দিনমণি-প্রণায়িনী সরোবরে স্থান চেয়ে থাকি পতি পানে, গোপনে গরেরে আনে, মধ্করে বঁধু করে করে মধুদান!
- পদাঘাতে রমণীরে করছ বর্জন:—
 কামিনী দামিনী প্রায়
 দেখিলে জাখি যুড়ায়
 কিন্তু সে অনলরাশি পরশে নিধন শ

ভর্নিয়া রমণী-জাতি তাপস স্কুজন,
ক্ষণকাল অধোমুখে,
থাকিয়া মনের ছঃখে,
দেখিতে লাগিল পুনঃ অতিথি-বদন,—

নব ভাব আবির্ভাব অপরপ অতি:
দেখে, অকলক্ষ শশী
আলো করে আছে বিদি,—
যুবক যুবক নয় ষোড়শী যুবতী!!

বিসায় মানিল যোগী, রোমাঞ্চ শরীর।
হুদয়-সরসী-মাঝে,
কমল-কোরক-সাজে
দেখে, পীন পয়োধর তুলিয়াছে শির:

নলিন-নয়ন ছটি সরমে কম্পিত,
নধর গোলাপ দল
ওষ্ঠাধর স্কোমল,
ভাবতঃ যেন কত তামুলে রঞ্জিত!

এত শোক। বিধুমুখে তবু রে এখন
চির বাঁধা মৃহ্ছাসি,
আলো করিতেছে আসি,
নিবিড় নীরদ মাঝে দামিনী যেমন।

বলি বলি করে যোগী বাক্য নাহি সরে,
জানিতে রমণী-ধাম,
কোন্ জাতি কিবা নাম,
জ্বলিছে বাসনানল হৃদয়-বিবরে।

আপনি তাহার স্ত্র তুলিল কামিনী।
যোগির চরণ ধরি,
বিবিধ বিনয় করি,
কহিতে লাগিল নিজ ছঃথের কাহিনী।

অপরাধ কমা মোর কর যোগিবর!
 আমি হে পাপিনী অতি.
 সতত পাপেতে মতি,
 মরিলে আমার গতি নরক ভিতর।

- শশুনেছ মথুরা নামে নগরী স্থন্দর:

 যমুনার কাল নীর,

 আলোকরে যার তীর,

 কামিনীর কটিতটে যথা নীলাম্বর!
- শ্মাকে মাঝে দৌধরাজি—স্থের সদন— কি স্ফার শোভা করে, স্ফাটিকের সরোবরে, যেন সোণার নলিনী নয়ন-রঞ্জন!
- " স্থানে স্থানে উপবন পরিমলময়: স্বভাবে লইয়া সঙ্গে, বসন্ত পরম রঙ্গে, সাজাইছে যারে সদা দিয়া ফুলচয়।
- ্মলয় সমীর ছাড়ি নন্দন কানন, পাইয়া মধুরাস্বাদ, পূরাইছে মনোসাধ, অন্তরে কামিনী লয়ে নুপতি যেমন।

- "কোন স্থানে সরোবর—শোভার সাগর!—
 কুমুদ কহলার কত,
 সরোজিনী নানা মত;
 মধুপানে মত হয়ে ভ্রমে মধুকর।
- কোন স্থানে স্থবিস্তীর্ণ স্থান্দর প্রান্তরে,

 সমীর হিল্লোল-কোলে,

 নব তৃণ স্থে দোলে,

 হরিত তরঙ্গ যেন হরিত সাগরে!
- " কোন স্থানে প্রস্রবন—রজত প্রতিম!—

 ঝর ঝর ঝর করে,

 ঝরিছে দিবা শর্কারী,

 বাড়াইছে নগরীর সুষমা অসীম।
- " আরো কত মত শোভা কহিব কেমনে ?
 জগতে নাহিক সম,
 সকলই অনুপম,
 কমলা অচলা তথা সেহের কারণে।

"দেই স্থানে অধিনীর পিতার ভবন, পিতা নিজ বুদ্ধিক্রমে, বাণিজ্যেতে ক্রমে ক্রমে, অতুল বিভব রাশি করেন্ অর্জান।

ত্রক মাত্র কন্যা আমি, স্নেহের আধার:
প্রাণের অধিক করে,

ভূষিতেন সমাদরে, দেখিতেন অদর্শনে জগত আধার।

"নবম বরষ যবে বয়োক্রম মোর ; জনক যতন করে, আমার বিবাহ তরে, আনিলেন্ একজন নবীন কিশোর।

''বালিকা বয়দ মম—সরল জীবন,— দেখির কি শুভক্ষণে, মনঃ প্রাণ স্যত্নে, সমপির সেই জনে অমনি তথন! "একত্রে হৃজনে বোসে যমুনার তটে,
খুলি মনের কপাট,
পড়িতাম্ স্থে পাঠ;—
আজো লেখা সে আনন্দ হৃদয়ের পটে।

কভু বা কুসুম-বনে কুসুম তুলিয়া, গাঁথিয়া চিকণ হার, হাসিতে হাসিতে তাঁর, সাজাতাম্ গল-দেশ সোহাগ করিয়া।

াকখন সুধাংশুময়ী ধামিনী সময়, গলা ধরাধরি করি, সুখের আসনোপরি, বসিয়া, মনের ছঃখ করিতাম্ ক্ষয়।

"কথন পরায়ে তাঁরে রমণীর সাজ, পুরুষ হইয়া আমি, হইতাম্ অনুগামী,— ছলেতে ঘোমটা টেনে জানাতেন লাজ। "কখন সন্ত্ৰাদী করি, সন্ত্ৰাদিনী হয়ে সুখে বাম পাশে বসি, হেরিতাম্, মুখশশী,—
হাসিতাম্, হাসাতেন্ কত কথা কয়ে।

"কখন অধোবদনে ছলে করি মান. কাঁদাতাম্ প্রাণনাথে; কিন্তু কাঁদিতাম্ সাথে—

কত যে জ্বলিত জ্বালা নাহি পরিমাণ!

"কথন বা বসি দোঁহে সুখনয় রথে,—
লোল করি লজ্জা ডোর,
মারিতাম করি জোর,
ফুটিত সানস অশ্ব প্রণয়ের পথে।

" এইরপে ছয় বর্ষ কাটিল আমার। সুখ-রবি অন্তে গেল, ছঃখের যামিনী এল; ঘেরিল মাদস, আঁথি যাতনা আঁথার!— আপনি লাগারু নিজ কপালে আগুণ!
 মনে মনে ভালবাসি,
 মুখেতে নাহি প্রকাশি,
 আরম্ভিরু স্থাতে তাঁহার রূপ গুণ।

 • যথন তথন তাঁকে মিছামিছি রাগে,
 হানিতাম্ বাক্যবাণ,
 করিতাম্ অপমান,
 নিষেধ করিলে কর্ম করিতাম্ আগে।

"অহক্ষার দেখে, মোর নয়নের তারা. 'নিশ্চয় মরিব বলে'— কোথায় গোলেন্ চলে! সে অবধি হয়ে আছি শিরোমণি হারা।

' আশার মায়াতে ভুলে তবু এত দিন.
—অবহেলি লোকলাজে—
নারী হয়ে নরসাজে,
খুঁজিলাম রসরাজে নগর বিপিন।

- " কি এমন পুণ্য পুনঃ হেরিব সে ধনে ?—
 মন ভাঁর অনুগত,
 সে জন মনের মত,
 ভুলিতে নারিব ভাঁরে নিদ্রা জাগরণে !
- ' আহা। কোথা হৃদয়েতে রাখিব যতনে।—
 আহা। কোথা সুখ-হারে,
 গাঁথিব প্রেমের তারে,
 সে তুর্লভ—অসুপ্য—অমূল্য-রতনে।
- 'মনেতে মনের আশা রহিল সকল;—
 বিধাতা সাধিল বাদ,

 সাধে ঘটিল বিধাদ,
 কলিল প্রেমের গাছে বিরহের ফল!
- ' পাব না সে চাঁদ মুখ বিলোকিতে আর ।

 —' নিশ্চয় মরিব বলে '—

 প্রাণেশ গেছেন চলে,
 পূরালেন সে প্রতিজ্ঞা কপালে আমার।

- "হা নাথ! হা প্রাণনাথ! কেটে যায় প্রাণ;

 একান্ত কি প্রাণধন

 করিলে হে সমর্পণ,

 অকালে কালের করে, হইয়া পাষাণ?
- ''বলে ছিলে, 'তোমা বই কারো নই, ' নাথ। তবে কি হেডু না বলে, ছাড়িয়া গেলে হে চলে ? পড়ি পায় প্রাণ যায় লহ তব সাথ।
- "সজল জলদ সনে দামিনী যেমন! রহিতাম্ কাছে কাছে, তোমারে হারাই পাছে, দিবস শর্কারী করি প্রহরী নয়ন।
- " একত্রে করেছি খেলা, একত্রে শায়ন,

 একত্রে করেছি সব,

 —এ কি নাথ অসম্ভব!—

 মরিবার কালে একা করিলে গমন!

প্রমোদ কামিনি !' বলে হইতে অজ্ঞান :
 তিল আধো ছাড়া হতে,
ভাবিতে হে বিধিমতে;
কেমনে জন্মের মত করিলে প্রয়াণ ?

"চল নাথ! সঙ্গে ঘাই আমিও তোমার;
তুমি হে আমার তরে,
দিলে প্রাণ অকাতরে,
আমিও এ প্রাণ দিয়ে স্থাধির সে ধার!

যার তরে প্রমোদের স্থথের অভাব.
সেই ধন কাছে বসি,
(ঘনাচ্ছন্ন যেন শশী!)
দেখিছে প্রিয়ার কত ফিরেছে স্বভাব।

শত দোবে দোষী যদি হয় প্রিয়জন, 'মরিব,' এ কথা চিতে প্রিয় কি পারে সহিতে ? শুখায় কি ক্ষেহ, জল-রেখার মতন ? আর কি থাকিতে পারে নীরবে তাপস ? ধরিয়া প্রেয়সীকরে, বিনয়ে মধুর স্বরে,

াবনয়ে মধুর স্বরে,
কহিতে লাগিল, যেন ক্ষরে সুধারস!—

"প্রাণ দিয়ে?" কি বলিলে প্রাণের প্রমোদ?
তা কভু দিব না আমি,
এই যে তোমার স্বামী,
পুরিল আশার নদী, স্থথের ক্ষীরোদ!"

অনন্তর যোগিবর উঠিয়া যতনে, অনুপ সুখের আশে, বান্ধিল রে ভুজ পাশে, ধরিতে হৃদয়-শশী হৃদয় গগনে।

কুটিল আনন্দ-ফুল মানস-কাননে!
মোহিত হয়েছে সুখে,
বচন না সরে মুখে,
বরুষে হুরুষ-নীর যুগল - নয়নে।

হেরি রূপ মনে মনে উপজে গরিমা:
কহিল আদর করি,
ক্ষীরের চিবুক ধরি,
''প্রাণের প্রমোদ! ভুমি প্রণয়-প্রতিমা;

"প্রিয়লাগি পর দেশে পুরুষের সাজে, পথ - শ্রম পরিহরি, প্রাণধন পণ করি,
প্রদর্শিলে প্রেমলীল। পৃথিবীর মাঝে।

"প্রণয় পবিত্র হলে পীয়ৄয় সমান! পশু পক্ষী প্রেম লাগি, প্রিয়-য়ৢখ-ছৢঃখ-ভাগী;
প্রক্স প্রদীপে পড়ে পরিহরে প্রাণ!

' পরিলে প্রণয়-মালা পরিশুদ্ধ মনে ;
মধুমাখা পরিমল,
প্রাণ করে স্থাতিল,
প্রকুল্লিভ এ কুসুম জীবনে মরণে।

"এস প্রণয়িনি। থাকি এক দেহ হয়ে। যত দিন রবে প্রাণ. কায়া ছায়ার সমান,

যেখানে যথন যাব, যাব তোমা লয়ে।"

" खर्थात यथेन योदन, योदन त्योदन नरह ? কেন মিছে প্রাণনাথ। অবলা সরলা সাথ. করিছো এ ছলা আজ মিছে কথা কয়ে ?

"প্রায় স্বপন খেলা, নিদ্রা হ'লে স্ক্য়,— कूत्राहरव जानवामा, ভাঙিবে স্থাের বাসা.

क्तिवन यांजना तर्व पहिर्ण क्रमश्रा

 না না বিধুমুখি । আর ভেবনা তা মনে, তোমারে হৃদয়ে লয়ে. থাকিব তোমার হয়ে: তোমার প্রণয়-নীরে ভাসিব যতনে।

- "তোমারে করিয়া হার পরিব লো গলে. সদা রহিবে সমুখে, দেখিব মনের সুখে; নিবাব মিলন-নীরে বিরহ্- অনলে।
- " তুমি যে কনক লতা হৃদয় কাননে !—
 নতিয়া নতিয়া উঠি,

 মনঃ প্রাণ শাখী হুটি.

 চেকেছো লো বিধুমুখি! সেহ বিতরণে !
- "আমি কণি তুমি মণি কি দিব প্রমাণ ? হদে যথা ননী ভাসে— থাকিব তোমার পাশে; রাথিব লো বুক চিরে প্রাণের সমান!
- "ললিত, তোমার বই আর কারো নয়।
 তুমি আলোকরা মণি,
 উজলিতে মন-খনি,—
 তোমারে দৈখিলে বুক দশ হাত হয়।

- শ্রুমি আমি এক প্রাণ এক দেহ মন!—

 যদি লো ক্তান্ত মোরে,

 ধরে লয়ে যায় জোরে,
 কাটিতে নারিবে তবু প্রণয়-বন্ধন!
- "দেহের এ পঞ্চতুত ছাড়া ছাড়ি হয়ে রহিবে তোমার পাশে, অনুপ স্থের আশে, ভাসিবে আনন্দ রসে স্থে তোমা লয়ে;—
- দিবদ শর্কারী সদা হাসিয়া হাসিয়া,
 যেখানে বেড়াবে হাঁটি,
 আমার দেহের মাটি,
 মোটিতে, বিধুমুখি, রহিবে মিশিয়া।
- " যে জলেতে স্থান কর, সেই জলে জল আমার দেছের যত, হয়ে তব অনুগত, পরশি শরীর তব হইবে শীতল।

"যে অনলে, প্রণয়িনি। কর লো রস্কান, দেহের অনল মোর, হরষে হইয়া ভোর,— হেরিবে, মিশিয়া তাতে এ বিধু-বদন।

"দেহের সমীর মম আনন্দিত হয়ে, লাগিবে তোমার গায়; আদর করিয়া হায়, যথা পাবে পরিমল এনে দিবে বয়ে।

" আকাশে মিলিত হয়ে আকাশ আমার, উন্মীলি সহস্ত আঁখি, তোমারে যেরিয়া থাকি, দেখিবে লাবণ্যরাশি স্থার আধার।"

পতির আদরে সতী মনে মনে হাসে;
অসীম আনন্দ রাশি,
বদন সরোজে আসি,
কোমল-অধরোপরি ঈষৎ প্রকাশে।

একেতো বিমল রূপ মুনি-মন রুসে,
সুখের পীযুষ তায়,
দ্বিগুণ শোভা বাড়ায়,
কনক প্রতিমা যেন রুমান প্রুশে।

দশনে অধর খানি ঈষদ দংশিয়া,
সুধামাখা হাসি হেসে
ভুবন মোহন বেশে,
ধরিল পতির গলা সোহাগ করিয়া।

কত যে আনন্দ রসে ললিতের মন,
সুখে দিতেছে দাঁতার,
পরি সে প্রেমের হার,
যে হার করিয়া ছিল বিরহে ছেদন!

ভুবন ভামিনী নারী গুণবতী হলে,—
যে স্থে পতির মনে
উপজেরে ক্ষণে ক্ষণে,—
রিসিক প্রেমিক হলে রসে যায় গলে।

একেতো স্থাংশুমুখী প্রমোদ-কামিনী:
তাতে প্রাণপতি-তরে,
এসেছেন সমাদরে,
ভূষিতা চাতকী সম হয়ে প্রেমাধিনী!—

এই ছুই আনন্দেতে ললিত মোহন, হেসে ঢলে পড়ে গায়, দিগুণ ক্ষেহ জানায়, গলাগলি ভালবাদা না হয় বর্ণন।

প্রমোদ ক্ষীরের নদী ললিত-সাগরে, ভ্রমি নানা দেশে দেশে, মিলেছে মিশেছে এদে, সোণায় সোহাগা আজ। স্থাা স্থাকরে।

উভয়ের মনোসাধে উভয়ের আশ,
(এত বিমোহিত সুখে!)
বলিতে ন। পারে মুখে,
কিন্তু অনিমেষ জাঁথি করিছে প্রকাশ।

সুথের তরঙ্গ আজি সুথের সাগরে, সুথের হিলোলে নড়ে, সুথে উথলিয়া পড়ে, ছড়া ছড়ি সুখ-সুধা বহু দিন পরে।

এ রপে ললিত লয়ে প্রমোদকামিনী,
থাকি এই পূত স্থানে,
প্রণয় পীযুষ-পানে,
নব নব স্থাে সুখী দিবস যামিনী।

मक्रीन्।

Printed by 1. C. Bose & Co., Stanhope Press, 249, Bow-Bazar Road, Calcutta, for the Author and Publisher.

ৰিজ্ঞাপন।

ক্টান্তোপ বছালয়ে নিমলিধিত পুৰুক্তলিবিক্লয়াৰ ছাণিত আছে।

	\$
भगनामनभकाना मणिक	मक्रीष्ठनप्रक
. अक्षात्व जम्भूवं >॥०	ष्यानाहाकोरमत् विवद्य । 🗸 🤊
(मसनाविध कावा रेग्न थरा >	পোরাশিক ইতির্ভ ১ম খণ্ড ১০০
বিলোডমা সম্ভব কাব্য । II ৷	সণিতহুত্র
बीदार्जना कावां ॥० ई	अकिन कुरुम ।।०
द्रभाषना काराः १००	কবিভালহরী 🎿 ॥>
ङ्क्र∰न ननी कविष्ठावनी ऽ	Life of Ram Gopaul Ghose >
ं कुक्क्यादी ना हेक 🤉	Do of Ramdoolal Dey v.
भणावकी माहेक ४०/०	Do Hon'ble S. N. Pundit. w.
-र्बिको नाउक > ई	Brief Memoir of Durga
के देश्यां की कानुवास >	Churn Banerjee
दूर मानिरकत बारफ देता । 🗸 🤇	खद्रामित्र्हेन हरिखं २॥० 🖟
একেই কি বলৈ সভাভা? 🍿 👌	ेष्ठ्रामञ्च ८००
₩-20 ··· ·· ·· ·· ··	কলিকাভার মুকোচুরি ৮
भारतावायम ma	च्यानारमत परतत प्रमान नाहेक 🖑
পদাচলিকা ১ু	विन्याञ्चलव नाउक
ेमविलिमी 👉 💐 📖 🤊 🤾	के काशट नांधा
गिक विकास ১10 ह	নলিনী বসভ নটক
मधुनास्त्रम् 🔑 🧀	वर-माहेक
সমাসমালা ১	मालको नांधर नांहेक
চারুপাথা গু	रमप्रमाला बाहिक
ক্ৰিভামজনী ১/০ ট	water arks
अहि-कोर्टे आमामदङ मिलाबे	এ বাই আবার বড়লোকী
कत्र-मश्काष्ट (माकसम्। ६	काविनी नाष्ट्रेक है के क
পিশাচোদ্ধার ॥>	निकाद्यनामी
केलरमन्यानाः ।	श्रीबटकत्र के भट्याशिका 🍂 🍇
कारामक्षती ५०	যানসাজ ২ন নাং ৫ন আল
मायुकारणाश्चम्मान्य ॥०	- প্রভাব ভাগ
শিশু-রম্ভন 🚜 ৬	উড়িশ্যার ইতিহাল 🛴 🖫
হতুমার পার্ক	চীনের ইভিহাস 💸 🦫
आफ्रिकांत्र मीनिव्य ।	विश्वा विभागमा
दशक्षमहो ॥०	वो बना का बनी